

২৫ আগস্ট আমরণ অনশন কর্মসূচি কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের জাতীয় বেতন ক্ষেত্রে অন্তর্ভুক্ত করার দাবি

চট্টগ্রাম অফিস

কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয় বেতন ক্ষেত্রে অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি চট্টগ্রামের নেতারা। গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান। এ দাবি মানা না হলে আগামী ২৫ আগস্ট আমরণ অনশন কর্মসূচি পালন করবেন শিক্ষকরা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়, সরকারি প্রাথমিক শিক্ষকদের শতকরা ৪০ ভাগ হারে মাসে মাত্র ১২০০ টাকা বেতন দেয়া হয়। বর্তমান দুর্মূল্যের বাজারে এসব শিক্ষকের এতো অল্প বেতনে

জীবন যাপন করা অসম্ভব হয়ে পড়েছে। ২০০৫ সাল থেকে দেশের সব কর্মচারী বর্ধিত বেতন জাত পেলেও সরকারি বিধি অনুযায়ী নিয়োগ পাওয়া কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা বঞ্চিত হচ্ছেন। এ ব্যাপারে শিক্ষকরা ২০০৭ সালের ২ জুলাই সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের সঙ্গে বৈঠক করেন। ওই বৈঠকে শিক্ষকদের দাবি পূরণের আশ্বাস দেয়া হয়। এ বছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা রশেদা রে চৌধুরীর সঙ্গে দুই দফা বৈঠকেও দাবি পূরণের আশ্বাস দেয়া হয়। দাবি মানা না হলে আগামী ২৫ আগস্ট আমরণ অনশন কর্মসূচি পালন করবেন শিক্ষকরা।